**উপজেলা পরিষদ**

মোহগঞ্জ, নেত্রকোণা

**বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী-**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ২৪ মার্চ ২০২৫ সময়: বেলা ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ অডিটোরিয়াম কাম মাল্টি পারপাস হলরুম, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| সভাপতি | ঃ | জনাব জুয়েল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানান জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-**

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) প্রকল্পসমূহ ইজিপি প্রক্রিয়ায় টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। পিআইসির মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহের কাজ চলমান রয়েছে। বড়তলী বানিয়াহারী ইউনিয়নে ০১ টি এবং ৫ নং সমাজ সহিলদেও ইউনিয়নে ০১ টি জরাজীর্ন ব্রীজ রয়েছে। ব্রীজটি অপসারণ করা না হলে যেকোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। নিলামের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) প্রকল্প যথাসময়ে টেন্ডার ও পিআইসির মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০২ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। পবিত্র ঈদ-উল-ফিতরের সরকারি ছুটিতে প্রাণি সম্পদ দপ্তরে পুলিশ টহল জোরদার করণের অনুরোধ করা হয়। | প্রাণি সম্পদ দপ্তরে পুলিশি টহল প্রদানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, চলতি বোর মৌসুমের ধানের কর্তন আগামী এপ্রিলের প্রথম সপ্তাহে শুরু হবে। ধান কর্তন, প্রক্রিয়াজাতকরণ ও পরিবহন ব্যবস্থা নেয়া হয়েছে। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি, কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ১০ এপ্রিল হতে দেশব্যাপী এসএসসি পরীক্ষা শুরু হবে। সকলকে সহযোগীতা করার অনুরোধ জানান। | এসএসসি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর পরিবেশে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান তার দপ্তরের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে রমজান উপলক্ষে বিদ্যালয়গুলো বন্ধ রয়েছে। এর মধ্যেও বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম চলমান আছে। বিদ্যালয় খোলার পর যথারীতি একাডেমিক কার্যক্রম সফলভাবে শুরু হবে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উপসিথতিতে বায়োগ্যাস প্রশিক্ষক সফলভাবে সম্পন্ন হয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, |
| ০৯ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১০ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান. মা ও শিশু সহায়তা কর্মসূচির সার্ভার বন্ধ আছে তাই মোট আবেদনকারী ও ভাতাভোগীর প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর যোগাযোগ করা হচ্ছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রেখে যথাসময়ে কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অনুপস্থিত থাকায় আলোচনা হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের টিআর ও কাবিটার কাজ চলমান রয়েছে। পবিত্র ঈদ-উল-ফিতরের ভিজিএফ চালের বিতরণ কাজ চলমান আছে। উক্ত কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে শেষ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। তাছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | প্রকল্প কাজ যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সবাকে অবহিত করেন যে, পল্লী জীবিকায়ন প্রকল্প (পদীপ) বিআরডিবি এর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রদীপ মোহনগঞ্জ এ ঋন বিতরণ নামে ক্ষুদ্র ঋন ২.৯০ লক্ষ টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋন বিতরণ ৬.০০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ ক্ষুদ্র ঋন ২৩৬.৭০ এবং ক্ষুদ্র উদ্যোক্তা বিতরণ ১৫০.৭৫ লক্ষা টাকা। মাসে দল গঠন নাই। ক্রমপুঞ্জিভুত দলগঠন ৩২ টি। মাসে সদস্য ভর্তি ১৩ জন। অনুপস্থিত থাকায় আলোচনা হয়নি। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৪ | উপজেলা সমাজ সেবা অফিসার | উপজেলা সমাজ সেবা অফিসার বলেন, তার আওতাধীন সকল ভাতা কার্যক্রমের পেরোল প্রদান করা হয়েছে এবং জাতীয় সমাজ কল্যাণ পরিষদের ৫০ হাজার টাকা উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে ৩৩ জন্য অসহায় দুস্ত ও শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৫ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী ডেলিভারী ফিটসহ অন্যান্য ঔষধের সরবরাহ ঘাটতি রয়েছে। স্বাভাবিক কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য উপজেলা পরিষদ থেকে ১ মি.লি এডি সিরিন্জ সরবরাহের সিদ্ধান্ত নেয়ায় উপজেলা পরিষদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞাতা প্রকাশ করছি। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৬ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক বিভাগ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা জানান চালের মজুদের পরিমান ৯৭৪ মে.টন। গমের মজুদ ৮০ মে.টন। মজুদ চাল/গম উপজেলার আপদকালীন বিভিন্ন খাতে বিতরণের জন্য সংরক্ষণ থাকবে। বর্তমানে ভিজিএফ কর্মসূচির চাল পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তক উত্তোলন করা হয়েছে। খাদ্য বান্দম ও ওএমএস কর্মসূচির চাল বিক্রয় চলমান আছে। টিসিবির মার্চ ২৫ মাসের চাল উত্তোলনের অপেক্ষায় আছে। বর্তমানে বাজার প্রতিদিন মনিটরিং করা হচ্ছে। মূল্য বৃদ্ধির লক্ষ্যে ব্যবসায়ী/মিলার কোন অতিরিক্ত মজুদ করছেন না। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৮ | উপজেলা তথ্যকেন্দ্র, তথ্য আপা প্রকল্প, মোহনগঞ্জ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ২০ | বিদ্যুত বিভাগ, মোহনগঞ্জ | এজিএম, পল্লী বিদ্যুত সমিতি, মোহনগঞ্জ সভাকে জানান যে, উপজেলার বিদ্যুত ব্যবস্থা স্বাভাবিক রয়েছে। এছাড়া মোহনগঞ্জ জোনাল অফিসের সার্বিক কার্যক্রম যথাযথভাবে চলছে। | বিদ্যুত ব্যবস্থা স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | ডিজিএম, পল্লী বিদ্যুত সমিতি, মোহনগঞ্জ জোনাল অফিস |
| ২১ | চেয়ারম্যান, ০৭ নং গাগলাজুর ইউপি | চেয়ারম্যান, ০৭ নং গাগলাজুর ইউপি সভায় বলেন তার পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইউনিয়ন পরিষদের সম্মুখে খাস জায়গায় অবৈধভাবে নির্মাণকৃত ঘর জরুরী ভিত্তিতে অপসারণ করা প্রয়োজন। তেতুলিয়া টু গাগলাজুর রাস্তার কাজের মান খুবই নিম্নমানের। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি, মোহনগঞ্জ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সঠিক মান বজায় রেখে জরুরীভিত্তিতে কাজ শেষ করা প্রয়োজন বলে জানান। ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের মহল্লাদারের শূন্য পদে জরুরী ভিত্তিতে মহল্লাগার নিয়োগ করার অনুরোধ জানান। | | |
| ২২ | চেয়ারম্যান, ০৬ নং সুয়াইর ইউপি | চেয়ারম্যান, ০৬ নং সুয়াইর ইউপি সভায় বলেন তার পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, সুয়াইর ইউপি, মোহনগঞ্জ |

(৩) বিবিধ ঃ (ক) এপ্রিল/২০২৫ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালী ও ঝাড়ুদারের মজুরী এবং অন্যান্য বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়।

উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রম নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের মালী ও ঝাড়ুদারের এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ২২,০৫০/- |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের এপ্রিল /২০২৫ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ৩৫,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী ব্যয় | ৯,০০০/- |
| ০৪ | পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৫ উপলক্ষে উপজেলা পরিষদ কমপ্লেক্স এর সার্বক্ষণিক নিরাপত্তায় নিয়োজিত গ্রাম পুলিশে দৈনিক যাতায়াত ভাতা বাবদ- | ১৩২০০/- |
| ০৫ | উপজেলা পরিষদের ০২ টি কম্পিউটার মেরামত ব্যয় বাবদ- | ৫০,০০০/- |
| ০৬ | উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত ব্যয় বাবদ- | ২৫,০০০/- |
| ০৭ | উপজেলা পরিষদ প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নামফলক বাবদ- | ১০,০০০/- |

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা উপজেলার সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে করার লক্ষ্যে সকলকে অনুরোধ জানান এবং এ উপজেলায় বর্তমান পরিস্থিতি স্বাভাবিক আছে বলে সভায় অবহিত করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/৩/২০২৫
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-২৩১

তারিখঃ ২৪ মার্চ ২০২৫

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-**

০১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপজেলা ...........................................................,........অফিসার, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান,..................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৬. সংরক্ষণ নথি।

২৪/৩/২০২৫
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা